দৈনিক ইত্তেফাক

তারিখ 31 JUL 1988
পৃষ্ঠা 3 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

20

060

126

# যশোর বোর্ডে ৪ হাজার এসএসসি পরীক্ষার্থীর ফল অপ্রকাশিত

বরিশাল প্রতিনিধি জানান: যশোর শিক্ষাবোর্ড অধীন এই বছরের এসএসসি পরীক্ষায় প্রায় চার হাজার পরীক্ষার্থীর ফলাফল অপ্রকাশিত রহিয়াছে। অপ্রকাশিত পরীক্ষার্থীদের মধ্যে বাগেরহাট জেলায় ৭১৪ জন; ঝালকাঠি জেলায় ৪৭৬ জন, বরিশাল জেলায় ৪৪০ জন, চুয়াডাঙ্গায় ৩৫[illegible] জন, খুলনায় ২৯৭ জন, পি[illegible]রাজপুরে ২৭৮ জন, যশোরে ২০৪ জন, বরগুনায় ১২৫ জন, ভোলায় ৬৪ জন, সাতক্ষীরায় ৫৯ জন, পটুয়াখালীতে ৫৫ জন, কুষ্টি-

(৪র্থ পৃ: দ্র:)

## যশোর বোর্ড

(৩য় পৃ: পর)

য়ায় ৪৮ জন, মাগুরায় ১৪ জন, ঝিনাইদহে ১৮ জন নড়াইল ও মিহেরপুরে ৪ জন রহিয়াছে।

নিম্নবর্ণিত কেন্দ্রগুলির উল্লেখযোগ্য সংখ্যক পরীক্ষার ফল অপ্রকাশিত রহিয়াছে। রামপাল কেন্দ্রের ৫০০ জন, নলসিটি কেন্দ্রের ৩১৫ জন, খুলনা কেন্দ্রের ১৮০ জন, জীবননগর কেন্দ্রের ১৭০ জন, ভাণ্ডারিয়া কেন্দ্রের ১২৩ জন, বানারীপাড়ায় ১০৮ জন, বরিশালে ১০৮ জন, মোল্লাহাটে ১০৭ জন, বাবুগঞ্জে ১০১ জন, কাঠালিয়ায় ৯৪ জন, বেতাগীতে ৮১ জন। উল্লেখ্য, রামপাল কেন্দ্রের সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১৫৪৪ জন।

বোর্ডের একজন কর্মকর্তা জানান, বিভিন্ন কারণে এই সকল পরীক্ষার্থীর ফল অপ্রকাশিত রহিয়াছে। রেজিষ্ট্রেশনে গোলমাল, বোর্ডে স্কুল কর্তৃক পরীক্ষার ফিস প্রেরণে বিলম্ব, পরীক্ষার ফরম পূরণে বিধি লংঘন, প্রয়োজনীয় ফিস না পাঠানো, পরীক্ষার খাতায় ভুলবশত: রেজিষ্ট্রেশন নম্বর অথবা রোল নম্বর উল্লেখ না করা ইত্যাদি কারণে ফল অপ্রকাশিত রহিয়াছে। তবে একটি সূত্র জানায়, হল পরিদর্শকের গোপন রিপোর্টের ভিত্তিতে বেশ কিছু পরীক্ষার ফল অপ্রকাশিত রহিয়াছে।

## বরিশাল ক্যাডেট কলেজের সাফল্য

বরিশাল ক্যাডেট কলেজের ফলাফল এই বছর যশোর বোর্ডের মধ্যে শীর্ষস্থানে রহিয়াছে। ৪৮জন পরীক্ষার্থীর মধ্যে ১০ জন সম্মিলিত মেধা তালিকায় রহিয়াছে। এই কলেজ হইতে প্রথম স্থান দখল করে। সকল পরীক্ষার্থী প্রথম বিভাগে উত্তীর্ণ হয়। ২৫ জন ষ্টার মার্ক পায়। ঝিনাইদহ ক্যাডেট কলেজের স্থান বোর্ডে দ্বিতীয়। ৭ জন সম্মিলিত মেধা তালিকায় রহিয়াছে। ৪৮ জন পরীক্ষার্থীর সকলে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়। ৩৩ জন ষ্টার মার্ক লাভ করে। যশোরের দাউদ পাবলিক স্কুলের ৫ জন পরীক্ষার্থী সম্মিলিত মেধা তালিকায় রহিয়াছে।